

প্রেস রিলিজ  
২৩ মে ২০২৫

বাউবির বিএ (সম্মান), বিএসএস (সম্মান) এবং এলএলবি (সম্মান) প্রোগ্রামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন এলএলবি (সম্মান) ভর্তি পরীক্ষা পরিদর্শন করছেন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল (এসএসএইচএল) পরিচালিত ৪ বছর মেয়াদি বিএ (সম্মান), বিএসএস (সম্মান) ও এলএলবি (সম্মান) প্রোগ্রামে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার ২৩ মে সকাল ও বিকালে অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মূল ক্যাম্পাস গাজীপুরে অনুষ্ঠিত এবারের বিএ (সম্মান) ও বিএসএস (সম্মান) এর ভর্তি পরীক্ষায় ৭৮৭ জন এবং এলএলবি (সম্মান) এর ভর্তি পরীক্ষায় ১৪৯৭ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করেন।



প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম বিএ (সম্মান) ও বিএসএস (সম্মান) ভর্তি পরীক্ষা পরিদর্শন করছেন

ভর্তি পরীক্ষা চলাকালীন সময়ে কেন্দ্রসমূহ সরেজমিনে পরিদর্শন করেন, বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় পরিদর্শন শেষে প্রো-উপাচার্যদ্বয় ও ট্রেজারার অভ্যন্ত সন্তোষ প্রকাশ করেন। এ সময়ে উপস্থিত বিশ্ববিদ্যালয়ের এসএসএইচএল এর ডিন অধ্যাপক তানভীর আহসান।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮